**তারিখ:** 27/01/2017

**আর বি আই গাজিয়াবাদ, উত্তর প্রদেশ স্থিত দ্য মহামেধা আরবান কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড-এর প্রতি জারি করা বিশেষ নিয়ন্ত্রণবিধির মেয়াদ বৃদ্ধি করল**

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক, গাজিয়াবাদ স্থিত দ্য মহামেধা আরবান কো-অপারেটিভ লিমিটেড -এর প্রতি জারি করা বিশেষ নিয়ন্ত্রণবিধির মেয়াদ পর্যালোচনার সাপেক্ষে জানুয়ারি 30, 2017 থেকে জুলাই 29, 2017 পর্যন্ত আরও ছয় মাসের জন্য বৃদ্ধি করল৷ উক্ত ব্যাঙ্কটিকে জুলাই 29, 2016 থেকে ব্যাঙ্কিং রেগুলেশন অ্যাক্ট, 1949 (এএসিএস)-এর ধারা 35A –র অধীনে জারি করা বিশেষ নিয়ন্ত্রণবিধির অধীনে আনা হয়েছিল৷ যেটির মেয়াদ পুনরায় জানুয়ারি 23, 2017 তারিখাঙ্কিত আদেশবিধির মাধ্যমে জুলাই 29, 2017 অবধি বৃদ্ধি করা হয়েছে৷ জানুয়ারি 23, 2017 তারিখাঙ্কিত উক্ত আদেশবিধির প্রতিলিপি জনগণের অবগতির জন্য ব্যাঙ্ক চত্বরে প্রদর্শিত আছে৷

রিজার্ভ ব্যাঙ্ক কর্তৃক উক্ত আদেশবিধির এই পরিমার্জন থেকে স্বতই এই অর্থ নির্ধারণ সমীচীন নয় যে ব্যাঙ্কটির আর্থিক অবস্থার উন্নতি অথবা অবনতি হয়েছে | রিজার্ভ ব্যাঙ্ক উদ্ভূত পরিস্থিতির উপর নির্ভর করে উক্ত আদেশবিধির পরিমার্জন বিবেচনা করতে পারে৷

**অনিরুধা ডি. যাদব**
সহায়ক প্রবন্ধক

**প্রেস প্রকাশনি : 2016-2017/2019**